বাংলা | Bengali

# উপভোক্তা সুরক্ষা পরামর্শের জন্য

# অভিবাসী

অভিবাসীরা কর্মস্থল ও বাজারে অনন্য চ্যালেঞ্জগুলির সম্মুখীন হন। উপভোক্তা বিষয়ক বিভাগ *(Department of Consumer Affairs)* অভিবাসীদের তাদের অধিকারগুলির সম্বন্ধে শিক্ষিত করে তোলার জন্য এবং কোথায় সাহায্য চাইতে হবে তা জানানোর জন্য এই পরামর্শগুলি প্রস্তুত করেছিল।

## ভিতরে:

অভিবাসন সহায়তা পরিষেবা পৃ.3
কর্মসংস্থান সংস্থা পৃ.5
আর্থিক বিষয় পৃ.8
কর প্রস্তুতি পৃ.11

NYC Office of the Mayor

Consumer Affairs
Lorelei Salas
Commissioner

Mayor's Office of Immigrant Affairs
Nisha Agarwal
Commissioner

Small Business Services
Gregg Bishop
Commissioner

## অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# অভিবাসন সহায়তা পরিষেবা

### আপনার পড়ার আগে...

**বিনামূল্য সহায়তা নিন।**
সিটি অভিবাসন সংক্রান্ত নিরাপদ, বিনামূল্য আইনি স্ক্রীনিং প্রদান করে। nyc.gov/actionnyc দেখুন অথবা **311** নম্বরে ফোন করে **"ActionNYC"** বলুন। বিনামূল্য সহায়তা ও অন্যান্য রিসোর্সগুলি দেখুন।

### আপনি যদি একজন অভিবাসন সহায়তা পরিষেবা প্রদানকারীর সঙ্গে কাজ করেন, তাহলে আপনাকে সাহায্য করার জন্য এখানে কিছু পরামর্শ দেওয়া হল।

অভিবাসন সহায়তা পরিষেবা প্রদানকারীরা হলেন এমন মানুষ বা ব্যবসায়িক প্রতিষ্ঠান, যারা যে কোনো ধরনের অভিবাসন-সংক্রান্ত পরিষেবার জন্য পারিশ্রমিক দাবি করেন। তারা উকিল নন। অভিবাসন সংক্রান্ত উপদেশ দেওয়ার জন্য সরকারের কাছ থেকে তাদের কোনো অনুমতি নেই।

এই পরিষেবা প্রদানকারীদের নিম্নলিখিত কাজগুলি করার অনুমতি আছে:

- নথিপত্র অনুবাদ ও নোটারাইজ করা।
- আপনাকে নথিপত্র (যেমন জন্মের সার্টিফিকেট বা স্কুলের রেকর্ড) জোগাড় করতে সাহায্য করা।
- আবেদনের ফর্মগুলি টাইপ করা (কিন্তু কীভাবে উত্তর দিতে হবে সেই বিষয়ে কোনো পরামর্শ *নয়*।
- ফটোগ্রাফ বা মেডিকাল পরীক্ষার ব্যবস্থা করা।
- আপনাকে ইংরেজি ভাষা বা পৌরনীতি পরীক্ষাগুলির জন্য প্রস্তুত হতে সাহায্য করা।

এই পরিষেবা প্রদানকারীদের নিম্নলিখিত কাজগুলি করার অনুমতি *নেই*:

- আপনার কোন অভিবাসন ফর্মটি জমা দেওয়া উচিত তা নির্বাচন করা।
- যে নথিপত্রগুলি জমা দিতে হবে সেই বিষয়ে আইনি পরামর্শ দেওয়া।
- আপনার অভিবাসনের বিকল্পগুলি ব্যাখ্যা করা।
- আপনার মামলাটি ইউ.এস. নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা (U.S. Citizenship and Immigration Services (USCIS)) -এর সঙ্গে আলোচনা করা।

### পরামর্শ

- আপনি একজন পরিষেবা প্রদানকারীর কাছে যাওয়ার সময় আপনার কোন আবেদন ফর্মগুলি প্রয়োজন তা জানুন।
- শুধুমাত্র এমন পরিষেবা প্রদানকারীর কাছেই যান যাদের বাস্তব স্থান আছে। আপনি যাদের সাথে শুধুমাত্র ফোনে বা ইমেলেই যোগাযোগ করা যায়, সেগুলি ব্যবহার করবেন না।
- যে পরিষেবা প্রদানকারীরা দাবি করে যে অভিবাসন কর্তৃপক্ষদের ওপরে তাদের বিশেষ প্রভাব আছে, তাদের কাউকে বিশ্বাস করবেন না।
- পরিষেবা দেওয়ার আগে, পরিষেবা প্রদানকারীদের অবশ্যই আপনার সঙ্গে একটি লিখিত চুক্তিতে স্বাক্ষর করতে হবে। স্বাক্ষর করার আগে চুক্তিটি পড়ুন। আপনার রেকর্ডের জন্য একটি প্রতিলিপি রেখে দিন।
- আসল কাগজপত্র (যেমন বিয়ের সার্টিফিকেট) দেবেন না। তার পরিবর্তে প্রতিলিপি দিন।
- লিখিত রসিদ নিন। রসিদে পরিষেবা প্রদানকারীর নাম ও ঠিকানা আছে কিনা তা নিশ্চিত করুন।
- কোনো খালি বা অসম্পূর্ণ ফর্মে স্বাক্ষর করবেন না। জোর দিয়ে বলুন যে, পরিষেবা প্রদানকারী যেন আপনার জন্য প্রস্তুত করা ফর্মে স্বাক্ষর করেন।
- আপনার সুরক্ষার জন্য পরিষেবা প্রদানকারীদের অবশ্যই একটি বন্ড রাখতে হবে। বন্ড কোম্পানি বা ব্যাংকের নাম ও যোগাযোগের তথ্য লিখে রাখুন। আপনি ক্ষতিগ্রস্ত হলে, পরিষেবা প্রদানকারী বা তার বন্ড কোম্পানির থেকে অর্থ উদ্ধার করার জন্য আপনি আদালতে যেতে পারেন।
- উপভোক্তা বিষয়ক বিভাগ **(Department of Consumer Affairs)**-এর কাছে অনলাইনে nyc.gov/dca এ একটি অভিযোগ নথিভুক্ত করুন অথবা আপনার ভাষায় একটি অভিযোগ নথিভুক্ত করতে **311** নম্বরে যোগাযোগ করুন। অভিযোগ জানানোর জন্য আপনাকে আপনার নাম বা অভিবাসনের অবস্থা দিতে হবে না। *দ্রষ্টব্য:* আপনি যদি চান যে **DCA** আপনার সঙ্গে যোগাযোগ করুক, তাহলে আপনাকে আপনার নাম ও ঠিকানা অবশ্যই দিতে হবে।
- কোনো অ্যাটর্নির সম্বন্ধে অভিযোগ নথিভুক্ত করতে, **311** এ ফোন করুন অথবা nycourts.gov এ গিয়ে **"Attorney Disciplinary/Grievance Committee"** (অ্যাটর্নি ডিসিপ্লিনারি গ্রিভান্স কমিটি) সন্ধান করুন।

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

নিউ ইয়র্ক স্টেটে একজন নোটারি পাব্লিক বা নোটারিও পাব্লিকো অ্যাটর্নি হিসেবে বিবেচিত নন। নোটারি পাব্লিক আইনি উপদেশ দিতে পারে না, আইনি কাগজপত্রের খসড়া প্রস্তুত করতে বা আইনি বৈধতার জন্য নথিপত্র পর্যালোচনা করতে পারে না।

খালি সরকারী ফর্মগুলির জন্য কখনও মূল্য দেবেন না। USCIS ওয়েবসাইট uscis.gov থেকে ফর্মগুলি বিনামূল্যে পাওয়া যায়। পরিষেবা প্রদানকারীরা বিনামূল্যে ফর্ম দিতে বাধ্য নয়।

## বিনামূল্যে সহায়তা

- ActionNYC আপনার কমিউনিটিতে আপনার নিজের ভাষায়, অভিবাসনের জন্য নিরাপদ, বিনামূল্য আইনি স্ক্রীনিং প্রদান করে। nyc.gov/actionnyc দেখুন অথবা 311 নম্বরে ফোন করে "ActionNYC" বলুন।

### গুরুত্বপূর্ণ

- শহরের যে এজেন্সিগুলি সরাসরি সামাজিক পরিষেবা প্রদান করে তাদেরকে অবশ্যই আপনার মাতৃভাষায় দোভাষী ও অনুবাদের ব্যবস্থা করতে হবে।
- কোনো বেনিফিট বা পরিষেবার যোগ্যতা নির্ণয় করার জন্য প্রয়োজনীয় না হলে, শহরের এজেন্সিগুলি অভিবাসনের অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারে না।

- অভিবাসন সংক্রান্ত বিনামূল্য পরামর্শের বিষয়ে তথ্য বা সাহায্যের জন্য নিউ ইয়র্ক স্টেট ইমিগ্রেশন হটলাইনে 1-800-566-7636 বা 1-212-419-3737 নম্বরে ফোন করুন।

## অন্যান্য রিসোর্সগুলি

- অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শগুলি পড়ুন:
  - কর্মসংস্থান সংস্থা
  - আর্থিক বিষয়
  - কর প্রস্তুতি
- অভিবাসন সহায়তা পরিষেবার একটি নমুনা চুক্তি সহ, আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।
- মেয়র'স অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (MOIA): অভিবাসীদের জন্য আইনি ও শহরের পরিষেবাগুলি সম্বন্ধে তথ্যের জন্য nyc.gov/immigrants দেখুন।
- ইউ.এস. নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা (U.S. Citizenship and Immigration Services (USCIS)): USCIS ফর্মগুলির জন্য uscis.gov দেখুন অথবা 1-800-870-3676 এ ফোন করুন।
- নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিস: অতিরিক্ত তথ্য ও রিসোর্সগুলির জন্য ag.ny.gov দেখুন এবং "Immigration Fraud" (অভিবাসন জালিয়াতি) সন্ধান করুন। *অভিবাসন জালিয়াতির শিকার হবেন না* পড়ুন।
- ফেডারাল ট্রেড কমিশন (Federal Trade Commission (FTC)): অতিরিক্ত তথ্য ও রিসোর্সগুলির জন্য ftc.gov দেখুন এবং "immigrant scams" (অভিবাসন জালিয়াতি) সন্ধান করুন। পড়ুন:
  - অভিবাসীদের বিরুদ্ধে জালিয়াতি
  - জালিয়াতিগুলি চিহ্নিত করা, এড়ানো ও রিপোর্ট করা: সাম্প্রতিক শরণার্থী ও অভিবাসীদের জন্য একটি জালিয়াতি বিষয়ক পুস্তিকা
- নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশন (New York City Bar Association): কোনো অ্যাটর্নির কাছে রেফারালের জন্য 1-212-626-7373 এ ফোন করুন।

# অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# কর্মসংস্থান সংস্থা

## আপনার পড়ার আগে...

**কর্মসংস্থান সংস্থা কী?**
একটি কর্মসংস্থান সংস্থা পারিশ্রমিকের বিনিময়ে নিয়োগকর্তাদের কর্মী খুঁজে পেতে এবং চাকরি প্রার্থীদের কাজ খুঁজে পেতে সাহায্য করে।

**বিনামূল্য সহায়তা নিন।**
সিটি চাকরি প্রার্থীদের বিনামূল্য সহায়তা প্রদান করে। nyc.gov/workforce1 দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবংএকটি ওয়ার্কফোর্স1 কেরিয়ার সেন্টার খুঁজে দিতে বলুন।

**আপনি যদি চাকরি খোঁজার জন্য একটি কর্মসংস্থান সংস্থার সঙ্গে কাজ করেন, তাহলে আপনাকে সাহায্য করার জন্য এখানে কিছু পরামর্শ দেওয়া হল।**

## সাধারণ পরামর্শ

- **একটি লাইসেন্সপ্রাপ্ত কর্মসংস্থান সংস্থাকে ব্যবহার করুন।** কর্মসংস্থান সংস্থাগুলির অবশ্যই একটি উপভোক্তা বিষয়ক বিভাগ (DCA)-এর লাইসেন্স থাকতে হবে।

  লাইসেন্স ও অভিযোগের ইতিহাস যাচাই করার জন্য nyc.gov/dca দেখুন বা **311 এ ফোন করুন।**

  **গুরুত্বপূর্ণ**

  - কর্মসংস্থান সংস্থাগুলি প্রশিক্ষণের ক্লাস বা সার্টিফিকেশনের মত অন্যান্য পরিষেবাগুলির জন্য আপনার কাছে মূল্য দাবি করতে পারে না।
  - আপনি কি সুরক্ষা প্রশিক্ষণ স্কুলে আছেন? এটি অবশ্যই ফৌজদারি বিচার পরিষেবার নিউ ইয়র্ক স্টেট বিভাগের (New York State Division of Criminal Justice Services) সাথে নিবন্ধিত হতে হবে।
  - আপনি কি বারটেন্ডিং স্কুলে আছেন? নিউ ইয়র্ক স্টেট ব্যুরো অফ প্রপ্রায়াটরি স্কুল সুপারভিশন (New York State Bureau of Proprietary School Supervision) বারটেন্ডিং স্কুলগুলির তত্বাবধান করে।

- **যে কর্মসংস্থান সংস্থাগুলি চাকরির "গ্যারান্টি" দেয় সেগুলি ব্যবহার করবেন না।** কর্মসংস্থান সংস্থাগুলি গ্যারান্টি দিতে পারে না যে তারা আপনাকে একটি চাকরি খুঁজে দেবে। সংস্থাগুলি শুধু আপনাকে সেই সব লভ্য চাকরিগুলির জন্য রেফার করতে পারে যেখানে কমপক্ষে ন্যূনতম মজুরি প্রদান করা হয়।

  নিউ ইয়র্ক স্টেট ও ফেডারাল আইন ন্যূনতম মজুরি নির্দিষ্ট করে দেয়। নিউ ইয়র্ক স্টেট ন্যূনতম মজুরির জন্য labor.state.ny.us দেখুন।

- **জানুন কেমন করে কর্মসংস্থান সংস্থা ফী কাজ করে।** কর্মসংস্থান সংস্থাগুলি আপনাকে কোনো চাকরি দেবার আগে আপনার থেকে কোনো ফী চার্জ করতে পারে না।

  ফীগুলি আইনের দ্বারা নির্ধারিত সর্বাধিক পরিমাণের থেকে বেশী হবে না।

  কর্মসংস্থান সংস্থার আইন ও নিয়মাবলীর জন্য nyc.gov/dca দেখুন, যেখানে ফী সংক্রান্ত তথ্য দেওয়া রয়েছে।

  যদি সংস্থাটি আপনার থেকে চার্জ নিয়ে থাকে তবে আপনার সম্পূর্ণ ফী ফেরৎ পাবার অধিকার রয়েছে:

  - কোনো অগ্রিম ফী, ডিপোজিট ফী, রেজিস্ট্রেশন ফী, অ্যাপ্লিকেশন ফী, বা ইন্টারভিউ ফী। অথবা
  - অন্য কোনো কর্মসংস্থান সংস্থা বা ট্রেনিং স্কুলে আপনাকে পাঠাতে অথবা
  - ট্রেনিং কোর্স, ফটো, বা জীবন-বৃত্তান্ত পর্যালোচনা করার মতো কোনো অতিরিক্ত বিষয়গুলির জন্য।

- **একটি নির্ভুল, লিখিত চুক্তি দাবি করুন।** আপনি স্বাক্ষর করার আগে সংস্থাগুলিকে অবশ্যই আপনাকে পূর্ণ চুক্তিটি দিতে হবে। আপনার চুক্তিতে যা থাকা উচিত:
  - সংস্থার নাম, ঠিকানা ও DCA লাইসেন্স নম্বর
  - কাজের ধরন
  - মূল্য
  - ফী পরিশোধের সময়সূচি

  নিশ্চিত হয়ে নিন যে লিখিত চুক্তিটি আপনাদের কথ্য চুক্তির সাথে মিলেছে।

  স্বাক্ষর করার আগে, সংস্থাটিকে বলুন আপনার সব প্রশ্নের উত্তর লিখিতভাবে দিতে।

  সংস্থাটিকে অবশ্যই চুক্তির একটি প্রতিলিপি এবং প্রতিটি অ র্থপ্রদানের জন্য একটি রসিদ আপনাকে দিতে হবে। সব প্রতিলিপিগুলি একটি নিরাপদ জায়গায় রাখুন।

- **বেআইনি প্রশ্নের উত্তর দেবেন না।** যদি না সেগুলি চাকরির জন্য বৈধ যোগ্যতা হয়, তাহলে কোনো নিয়োগকর্তা বা সং স্থার পক্ষে নিম্নলিখিত বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করা বেআইনি:
  - বয়স
  - জাতি
  - ধর্মবিশ্বাস
  - ধর্ম
  - রঙ
  - জাতীয় উৎস
  - লিঙ্গ
  - প্রতিবন্ধকতা
  - বৈবাহিক অবস্থা
  - পার্টনারশিপের অবস্থা
  - পরিচর্যাকারীর অবস্থা
  - যৌন ঝোঁক
  - বৈদেশিকতা বা নাগরিকত্বের অবস্থা

- **DCA-এর কাছে অভিযোগ নথিভুক্ত কতুন।** DCA-এর কাছে অনলাইনে nyc.gov/dca এ একটি অভিযোগ নথিভুক্ত করুন অথবা আপনার ভাষায় একটি অভিযোগ নথিভুক্ত করতে 311 নম্বরে যোগাযোগ করুন। অভিযোগ জানানোর জন্য আপনাকে আপনার নাম বা অভিবাসনের অবস্থা দিতে হবে না। *দ্রষ্টব্য:* আপনি যদি চান যে DCA আপনার সঙ্গে যোগাযোগ করুক, তাহলে আপনাকে আপনার নাম ও ঠিকানা অবশ্যই দিতে হবে।

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

## মানুষকে ঠকায় এমন স্কুল

NYC-তে লাভের উদ্দেশ্যে পরিচালিত কয়েক শত স্কুল আছে। এয়ার কন্ডিশনিং মেরামত করা ও কস্মেটোলজি থেকে শুরু করে মেডিকাল টেকনিসিয়ান প্রশিক্ষণ পর্যন্ত সব ধরনের কোর্স এর অন্তর্ভুক্ত। কিছু স্কুল ছাত্রছাত্রীদের বিভ্রান্ত করে। এগুলি যা করতে পারে:

- আপনাকে প্রচুর পরিমাণ আর্থিক সহায়তা নিতে বাধ্য করা।
- গ্র্যাজুয়েট হওয়ার পরে আপনাকে চাকরির "গ্যারান্টি" দেওয়া।
- আপনার ক্রেডিটগুলি অন্য একটি স্কুলে স্থানান্তরিত হবে কিনা সেই বিষয়টি সহ, আপনার ডিগ্রির মূল্য সম্বন্ধে মিথ্যা কথা বলা।

*মনে রাখুন :*

- আর্থিক সহায়তা হল সাধারণত একটি ঋণ বা আপনাকে অবশ্যই পরিশোধ করতে হবে। এটি কোনো বৃত্তি নয়।
- অনেকগুলি স্কুলের বিষয়ে খোঁজখবর নিন।
- আপনি যেদিন স্কুল পরিদর্শন করেন, সেই দিনই সাইন আপ করবেন না।
- স্কুলের টিউশন বাতিলকরণ নীতিটি লিখিতভাবে নিন।

উচ্চতর শিক্ষার একটি স্কুলের বিরুদ্ধে অভিযোগ নথিভুক্ত করতে **311 এ ফোন করুন।**

## বিনামূল্যে সহায়তা

- nyc.gov/workforce1 দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং একটি বিনামূল্য ওয়ার্কফোর্স1 কেরিয়ার সেন্টার খুঁজে দিতে বলুন।
- nyc.gov দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং বিনামূল্য ও কম খরচের প্রাপ্তবয়স্ক শিক্ষা কার্যক্রমগুলির বিষয়ে জানতে চান।

### গুরুত্বপূর্ণ

- শহরের যে এজেন্সিগুলি সরাসরি সামাজিক পরিষেবা প্রদান করে তাদেরকে অবশ্যই আপনার মাতৃভাষায় দোভাষী ও অনুবাদের ব্যবস্থা করতে হবে।
- কোনো বেনিফিট বা পরিষেবার যোগ্যতা নির্ণয় করার জন্য প্রয়োজনীয় না হলে, শহরের এজেন্সিগুলি অভিবাসনের অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারে না।

## অন্যান্য রিসোর্সগুলি

- অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শগুলি পড়ুন:
  - আর্থিক বিষয়
  - অভিবাসন সহায়তা পরিষেবা
  - কর প্রস্তুতি
- আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন, যার অন্তর্ভুক্ত হল:
  - চাকরি প্রার্থীর অধিকারসমূহের বিল
  - কর্মীর অধিকারসমূহ ও নিয়োগকর্তার দায়িত্বগুলির বিবৃতি (ঘরোয়া বা পারিবারিক কর্মী)
  - NYC অসুস্থতার জন্য বেতন সহ ছুটির আইন (NYC Paid Sick Leave Law)
  - NYC যাত্রী সুবিধা আইন (Commuter Benefits Law)
- মেয়র'স অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (MOIA): অভিবাসী কর্মী এবং চাকরি ও কাজের সম্বন্ধে তথ্যের জন্য nyc.gov/immigrants দেখুন।
- ক্ষুদ্র ব্যবসা পরিষেবা (Small Business Services) (SBS): চাকরি প্রার্থীদের সাহায্যের জন্য nyc.gov/sbs দেখুন।
- মানবাধিকার কমিশন (Human Rights Commission): বৈষম্যের বিষয়ে একটি অভিযোগ নথিভুক্ত করতে nyc.gov/humanrights দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন। *অভিবাসীবৃন্দ এবং কর্মস্থলে ও বাড়িতে NYC মানবাধিকারসমূহ (Immigrants & NYC Human Rights at Work and at Home)* পড়ুন।

## অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# আর্থিক বিষয়

## সাধারণ পরামর্শ

- **একটি ব্যাংক বা ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট খুলুন।** সিটি নিরাপদ ও সামর্থ্যের মধ্যে চেকিং ও সেভিংস অ্যাকাউন্ট প্রদান করে। এই কার্যক্রমগুলির অন্তর্ভুক্ত হল:
    - **NYC ডাইরেক্ট ডিপোজিট:** আপনি যদি আপনার পে-চেক সরাসরি জমা করেন তাহলে আপনি বিনামূল্যে একটি চেকিং অ্যাকাউন্ট খুলতে পারেন। এই অ্যাকাউন্টের কোনো মাসিক ফী নেই; ডেবিট কার্ডে ক্রয় বা ATM থেকে টাকা তোলার জন্য কোনো ওভারড্রাফ্ট বিকল্প নেই; কোনো ন্যূনতম জমারাশি নেই অথবা তার পরিমাণ কম; বিনামূল্যে ব্যাঙ্কিং ও বিল পরিশোধ করা যায়; বিনামূল্যে নেটওয়ার্কের মধ্যে ATM থেকে টাকা তোলা যায়।
    - **NYC সেফস্টার্ট (SafeStart) অ্যাকাউন্ট:** আপনি একটি স্টার্টার সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারেন। এই অ্যাকাউন্টে কোনো ওভারড্রাফ্ট ফী নেই; আপনি যদি ন্যূনতম জমারাশির শর্ত পূরণ করেন তাহলে কোনো মাসিক ফী নেই; ন্যূনতম জমারাশির পরিমাণ হল $25 বা এর চেয়েও কম, যা আর্থিক প্রতিষ্ঠানটির ওপরে নির্ভর করে; ATM কার্ড বা ডেবিট কার্ড।

  NYC ডাইরেক্ট ডিপোজিট বা NYC সেফস্টার্ট (SafeStart) অ্যাকাউন্ট সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন বা 311 নম্বরে ফোন করুন।

  আপনি **IDNYC**-এর কোনো একটি অংশগ্রহণকারী ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নে একটি চেকিং বা সেভিংস অ্যাকাউন্ট খোলার জন্য **IDNYC** ব্যবহার করতে পারেন। শাখার অবস্থানগুলির জন্য **nyc.gov/idnyc** দেখুন অথবা **311** নম্বরে যোগাযোগ করুন।

  একটি নিরাপদ ও সামর্থ্যের মধ্যে চেকিং অ্যাকাউন্ট-এ কী কী দেখতে হবে তা জানতে 9 পাতা দেখুন।

- **মানি ট্র্যান্সফার এজেন্টরা সবসময় সবচেয়ে সস্তা বিকল্প নয়, তাই মূল্যগুলি তুলনা করুন।** বাড়িতে অর্থ পাঠানোর সবচেয়ে ভাল উপায় জানতে, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, মানি ট্র্যান্সফার কোম্পানি/এজেন্ট এবং অনলাইন মানি ট্র্যান্সফার পরিষেবাগুলির মূল্যগুলির বিষয়ে খোঁজখবর নিন। ফী এবং বিনিময় দরগুলি দেখুন, এছাড়াও পরিবার কীভাবে এবং কোথায় অর্থ পাবে তা দেখুন।
- **রেন্ট-টু-ওন ব্যবসাগুলি এড়িয়ে চলুন।** ঘরোয়া জিনিসপত্র কেনার জন্য রেন্ট-টু-ওন ব্যবসাগুলি ব্যবহার করা অত্যন্ত ব্যয়সাধ্য। যে গ্রাহকরা কোনো জিনিসের মালিক হওয়ার জন্য সেটি যথেষ্ট দীর্ঘ দিন ধরে ভাড়ায় নেন, তারা গড়ে তালিকাভুক্ত নগদ মূল্যের চেয়ে 70 শতাংশ বেশি বার্ষিক শতকরা হার (APR) পরিশোধ করেন। এই ব্যবসাগুলি খুব বেশি দাম কমায় না। সেরা ডীলের জন্য চারপাশে ঘুরে কেনাকাটা করুন।
- **প্রিপেইড ডেবিট কার্ডের বিষয়ে সতর্ক থাকুন।** একটি প্রিপেইড ডেবিট কার্ড আপনাকে বাজেটের মধ্যে থাকতে সাহায্য করতে পারে, কিন্তু লুকানো ফী-গুলির বিষয়ে সতর্ক থাকুন।
- **নিউ ইয়র্কে প্রিপেইড ঋণগুলি বেআইনি।** পে-ডে লোন হল একটি স্বল্পমেয়াদী ঋণ যা সাধারণত পরবর্তী অর্থপ্রদানের দিনে পরিশোধনীয় হয়। ঋণগ্রহীতারা খুবই বেশি ফী ও সুদের হার পরিশোধ করেন। আপনি যদি একটি পে-ডে লোনের প্রস্তাব পান, তাহলে অনুগ্রহ করে 1-800-342-3736 এ ফোন ক'রে বা dfs.ny.gov এ গিয়ে নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগ (New York State Department of Financial Services) এর কাছে তা রিপোর্ট করুন।

### গুরুত্বপূর্ণ

আপনার যদি ভাড়া বা অন্য গুরুত্বপূর্ণ প্রয়োজনের জন্য অর্থ না থাকে, সেই ক্ষেত্রে আপনি এই কয়েকটি বিকল্প বিবেচনা করে দেখতে পারেন:

- নগদ অর্থ সহায়তা সহ, মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration (HRA))-এর জরুরি সহায়তা কার্যক্রমগুলির সম্বন্ধে আরো জানুন। আরো জানতে 311 এ ফোন করুন বা nyc.gov/hra দেখুন।
- ক্রেডিট ইউনিয়ন বা ব্যাংক থেকে একটি ছোট ঋণের দিকে তাকান। সর্বনিম্ন সুদের হার খুঁজে পাওয়ার জন্য অবশ্যই ভালভাবে খোঁজখবর নিন ও তুলনা করুন।
- আপনার নিয়োগকর্তাকে একটি অগ্রিম বেতন সম্বন্ধে জিজ্ঞাসা করুন। লিখিত নীতিটি পড়ুন। যে কোনো ফী যাতে যুক্তিসঙ্গত হয় তা নিশ্চিত করুন।
- পরিবার বা বন্ধুদের কাছে একটি ছোট ঋণ চান।
- কখনও কখনও আপনার ক্রেডিট কার্ড প্রদানকারীর থেকে অগ্রিম নগদ অর্থ পাওয়া যায়। এর সুদের হার ক্রেডিট ইউনিয়ন বা ব্যাংক ঋণের চেয়ে বেশি হতে পারে। সব খরচগুলি অবশ্যই তুলনা করুন।

- **চেক ক্যাশারদের এড়িয়ে চলুন।** চেক ক্যাশার ব্যবহার করলে প্রতি বছর গড়ে ফী বাবদ $475 খরচ হতে পারে। নিরাপদ ও সামর্থ্যের মধ্যে ব্যাংক ও ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্টগুলি চেক ক্যাশার ব্যবহার করার থেকে কম খরচসাধ্য।
- **আপনার দেনার নিয়ন্ত্রণ নিজের হাতে নিন।** দেনা দ্রুত জমে যেতে পারে এবং আপনার ক্রেডিট রিপোর্টের ক্ষতি করতে পারে, আপনার কোনো অ্যাপার্টমেন্ট ভাড়ায় নেওয়া বা বাড়ি কেনার সক্ষমতা এবং আরো অনেক কিছুর ক্ষতি করতে পারে। সিটি আপনাকে পাওনাদার ও দেনা সংগ্রহকারীদের সামলাতে, অর্থপ্রদানগুলি একত্রিত করতে এবং একটি অর্থপ্রদানের পরিকল্পনা তৈরি করতে সাহায্য করতে পারে। বিনামূল্যে সহায়তা দেখুন।

## একটি নিরাপদ ও সামর্থ্যের মধ্যে চেকিং অ্যাকাউন্টে কী কী বিষয় দেখতে হবে:

### কোনো ফী নেই বা কম ফী

- ❑ মাসিক রক্ষণাবেক্ষণ বা পরিষেবা ফী, যা $3 বা তার কম
- ❑ নেটওয়ার্কের মধ্যে বিনামূল্যে ATM-গুলি ব্যবহার করা
- ❑ ডেবিট কার্ড ব্যবহার করার জন্য কোনো ফী নয়
- ❑ ডেবিট কার্ডে কেনা বা ATM থেকে অর্থ তোলার জন্য কোনো ওভারড্রাফ্ট বিকল্প নয়

### ন্যূনতম পরিমাণ ও লেনদেন

- ❑ ন্যূনতম জমারাশি ও প্রাথমিক আমানতের প্রয়োজনীয়তা কম ($25 বা তার কম)
- ❑ বিনামূল্যে অ্যাকাউন্টের জমারাশি যাচাই করার অনেকগুলি উপায় (অনলাইন, ফোন, টেক্সট মেসেজ, ATM)
- ❑ লেনদেনের যুক্তিসঙ্গত প্রয়োজনীয়তাগুলির জন্য কোনো মাসিক ফী নয় (উদাহরণস্বরূপ, ডাইরেক্ট ডিপোজিট, ATM)

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

## লুঠ করার উদ্দেশ্যে ধার দেওয়া

- কিছু আর্থিক প্রতিষ্ঠান "নাগরিকত্ব" বা "অভিবাসন" ঋণগুলি প্রদান করে। নাগরিকত্ব প্রদানের আবেদন ও আইনি ফী-গুলির খরচ জোগাতে সাহায্য করাই এই ঋণগুলির উদ্দেশ্য। আপনি যদি এই ধরনের একটি ঋণের কথা বিবেচনা করেন, সেই ক্ষেত্রে নিশ্চিতভাবেই বিভিন্ন ব্যাংক ও ক্রেডিট ইউনিয়নগুলির মধ্যে নিয়ম ও শর্তাবলীর তুলনা করুন। বিনামূল্যে সহায়তা দেখুন।
- লুঠ করার উদ্দেশ্যে ধার দেওয়ার একটা সাধারণ ধরন হল ব্যবহৃত গাড়ির ঋণ। প্রায় ক্ষেত্রেই এই ঋণগুলো ঋণগ্রহীতার পক্ষে খারাপ। অন্যান্য ঋণের মতই, নিজে গবেষণা করুন আর আপনার জন্য সেরা প্রস্তাবটি খুঁজে পাওয়ার জন্য নিয়ম ও শর্তাবলী তুলনা করুন।

## অভিবাসীদের লক্ষ্য করে আর্থিক জালিয়াতি

- **আশীর্বাদ জালিয়াতি:** কেউ আপনাকে বলে যে আপনার বা আপনার পরিবারের কারো সঙ্গে খারাপ কিছু একটা ঘটতে চলেছে, যদি না আপনি আপনার সম্পত্তির ওপরে একটা আশীর্বাদ নেন। সাধারণত "সম্পত্তি" বলতে বোঝায় নগদ অর্থ ও অলংকার। আশীর্বাদ পাওয়ার জন্য আপনাকে অবশ্যই আপনার সম্পত্তিটি একটি ব্যাগে ভরে নিয়ে আসতে হবে। "আশীর্বাদ" পাওয়ার সময়, আপনার সম্পত্তিটি চুরি করা হয়। NYC-তে এই জালিয়াতিগুলি চীনা সম্প্রদায়কে নিশানা বানিয়েছে।
- **ধার দেওয়ার চক্র জালিয়াতি:** অনেক অভিবাসী সম্প্রদায়ের ক্ষেত্রে, কোনো মানুষ যখন ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নের কাছ থেকে অর্থ পায় না তখন অর্থ পাওয়ার একটা উপায় হল অপ্রথাগত ধার দেওয়ার চক্রগুলি। অংশগ্রহণকারীরা প্রতি মাসে অর্থ পরিশোধ করেন। আপনার পালা এলে আপনি একটা অর্থ পান। যোগদান করার আগে, যে কোনো ধার দেওয়ার চক্র সম্বন্ধে গবেষণা করুন।
- **ভবিষ্যত বলার জালিয়াতি:** নিউ ইয়র্কে "ভবিষ্যত বলা" বেআইনি। আপনার ভবিষ্যত সম্বন্ধে ভবিষ্যদ্বাণী করার জন্য অথবা কোনো অভিশাপ থেকে মুক্তি দেওয়ার জন্য কেউ আপনার থেকে অর্থ নিতে পারে না।

## বিনামূল্যে সহায়তা

- একটি NYC ফাইনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টারে বিনামূল্যে মুখোমুখি পেশাদার আর্থিক পরামর্শ পান। আপনার নিকটবর্তী কোনো জায়গায় একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করতে 311 নম্বরে ফোন করুন অথবা আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।
- আপনার ক্রেডিট রিপোর্টের একটি প্রতিলিপি বিনামূল্যে নিন এবং তা সযত্নে পর্যালোচনা করুন। annualcreditreport.com এ যান অথবা নিঃশুল্ক 1-877-322-8228 নম্বরে ফোন করুন।
- আপনি নাগরিকত্বের আবেদনের ক্ষেত্রে NYCitizenship এর মাধ্যমে বিনামূল্যে আইনি সহায়তা পেতে পারেন। আপনাকে অবশ্যই একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করতে হবে। 311 এ ফোন করে বলুন “citizenship appointment” (নাগরিকত্বের অ্যাপয়েন্টমেন্ট) অথবা NYCitizenship হটলাইনে 1-212-514-4277 নম্বরে ফোন করুন।
- সিটির ইমিগ্র্যান্ট বিজনেস ইনিশিয়েটিভের মাধ্যমে স্প্যানিশ, চাইনিজ, রাশিয়ান, কোরিয়ান, হাইতিয়ান ক্রেওল, ফ্রেঞ্চ, বাংলা ও আরবীতে বিনামূল্য ব্যবসায়িক কোর্সগুলি বিনামূল্যে লভ্য আছে। nyc.gov/immigrantbusinesses দেখুন অথবা 311 এ ফোন করুন এবং অভিবাসীদের জন্য ব্যবসায়িক পরিষেবার (Business Services for Immigrants) বিষয়ে জিজ্ঞাসা করুন।

## অন্যান্য রিসোর্সগুলি

- অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শগুলি পড়ুন:
  - কর্মসংস্থান সংস্থা
  - অভিবাসন সহায়তা পরিষেবা
  - কর প্রস্তুতি
- এছাড়াও, জালিয়াতিগুলির সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।
- মেয়র'স অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (MOIA): অভিবাসীদের জন্য আইনি ও শহরের পরিষেবাগুলি সম্বন্ধে তথ্যের জন্য nyc.gov/immigrants দেখুন।
- ক্ষুদ্র ব্যবসা পরিষেবা (Small Business Services) (SBS): ব্যবসা মালিকদের জন্য বিনামূল্য পরিষেবাগুলি সম্বন্ধে আরো জানতে nyc.gov/immigrantbusinesses দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন। NYC বিজনেস সলিউশন্স সেন্টারগুলি এবং ইমিগ্র্যান্ট বিজনেস ইনিশিয়েটিভ SBS দ্বারা চালিত হয়।
- উপভোক্তাদের আর্থিক সুরক্ষা ব্যুরো (Consumer Financial Protection Bureau (CFPB)): অন্য একটি দেশে অর্থ পাঠানো সম্বন্ধে আরো তথ্যের জন্য consumerfinance.gov দেখুন।

## অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# কর প্রস্তুতি

### আপনার পড়ার আগে...

**বিনামূল্যে সহায়তা নিন।**
সিটি যোগ্য নিউ ইয়র্কবাসীদের **NYC** বিনামূল্য কর প্রস্তুতকরণ **(Free Tax Prep)** প্রদান করে। আরো তথ্যের জন্য **nyc.gov/taxprep** দেখুন অথবা **311** এ যোগাযোগ করুন। বিনামূল্যে সহায়তা দেখুন।

## সাধারণ পরামর্শ

**আপনি যদি আপনার করগুলি জমা করার জন্য একজন অর্থপ্রদত্ত কর প্রস্তুতকারককে ব্যবহার করেন, তাহলে আপনাকে সাহায্য করার জন্য এখানে কিছু পরামর্শ দেওয়া হয়েছে।**

- **আপনার কর প্রস্তুতকারক যেন নিবন্ধিত হয় তা সুনিশ্চিত করুন।** নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক কর প্রস্তুতকারককে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ট্যাক্সেশন অ্যান্ড ফাইনান্স বিভাগের সাথে নিবন্ধিত হতে হবে। সন্ধানযোগ্য ডেটাবেসের জন্য tax.ny.gov দেখুন।

  **ব্যবসার কাজের সময় 311** এ ফোন করুন এবং ব্যবসাটির সম্বন্ধে কোনো অভিযোগ পাওয়া গেছে কিনা তা দেখার জন্য উপভোক্তা বিষয়ক বিভাগের (Department of Consumer Affairs (DCA)) কাছে স্থানান্তরিত করতে বলুন।

- **আপনার অধিকারগুলি জানুন।** কর প্রস্তুতকারককে অবশ্যই যা করতে হবে:
  - আপনার সঙ্গে কর প্রস্তুতকরণ পরিষেবাগুলির বিষয়ে কোনো আলোচনা শুরু করার আগে, আপনাকে *কর প্রস্তুতকারকদের প্রসঙ্গে উপভোক্তার অধিকারসমূহের বিল (Consumer Bill of Rights Regarding Tax Preparers)* এর একটি বিনামূল্য, চলতি ও পাঠযোগ্য প্রতিলিপি দিতে হবে।
  - তাদের যোগ্যতা, ফী এবং তারা সরকারী অডিটে আপনার প্রতিনিধিত্ব করবেন কিনা তা পোস্ট করতে হবে।
  - প্রতিটি ট্যাক্স রিটার্নে স্বাক্ষর করতে হবে।
  - আপনাকে আপনার ট্যাক্স রিটার্নের একটি প্রতিলিপি এবং আইটেমাইজ্‌ড রসিদ বা পরিষেবার বিবৃতি দিতে হবে।

  কখনও একটি খালি, অসম্পূর্ণ বা পেন্সিল দিয়ে ভরা ট্যাক্স রিটার্নে স্বাক্ষর করবেন না। এটা পরে পরিবর্তন করা হতে পারে।

- **একটি আনুমানিক হিসাব চান এবং আপনার আইটেমাইজ্ড রসিদ বা বিবৃতিকে দেখানো মূল্যগুলির সাথে তুলনা করুন।** আপনার করগুলি প্রস্তুত করার *আগে* আপনার একটি আনুমানিক হিসাব চাওয়ার অধিকার আছে। আপনার যে পরিমাণ কর বকেয়া আছে বা আপনার প্রত্যাশিত রিফান্ডের ওপর নির্ভর ক'রে কর প্রস্তুতকারকরা আপনার থেকে কোনো ফী নাও নিতে পারেন।

- **রিফান্ড অ্যান্টিসিপেশন প্রোডাক্টগুলি এড়িয়ে চলুন।** রিফান্ড অ্যান্টিসিপেশন চেক (RAC) বা রিফান্ড ট্রান্সফার হল কর প্রস্তুতকরণ ফীগুলি পরে পরিশোধ করার ব্যয়সাধ্য পদ্ধতি। রিফান্ড অ্যান্টিসিপেশন লোন (RAL) হল একটি উচ্চ সুদের ঋণ। এই প্রোডাক্টগুলি আপনার রিফান্ডকে ত্বরান্বিত করে না।

### গুরুত্বপূর্ণ

- RAL বা RAC ব্যবহার করলে, তার জন্য আপনার অর্থ খরচ হবে এবং আপনি মোট যে পরিমাণ রিফান্ড পাবেন তা কমে যাবে।
- ঋণদাতা আপনার থেকে ফী ও সুদ নিতে পারে। যে কর প্রস্তুতকারক ঋণটির প্রস্তাব দিয়েছিলেন তিনি আপনার RAL আবেদন প্রস্তুত করার জন্য চার্জ বা ফী যোগ করতে পারেন না।
- একজন কর প্রস্তুতকারকের পক্ষে এই দাবি করা বেআইনি যে RAL হল একটি "তাৎক্ষণিক রিফান্ড", "দ্রুত রিফান্ড", "এক্সপ্রেস রিফান্ড", "প্রিফান্ড (preFund)", "ফাস্ট ক্যাশ", অথবা অন্য এমন কোনো অনুরূপ শব্দ ব্যবহার করা যা এই তথ্যকে লুকায় যে RAL হল একটি ঋণ।
- আপনার কর প্রস্তুতকারক আপনাকে একটি RAL নিতে বাধ্য করতে পারেন না।

ইলেকট্রনিক ফাইলিং, ডাইরেক্ট ডিপোজিট, এবং রিফান্ড প্রদানের গতি বাড়ানোর অন্য বিকল্পগুলি সম্বন্ধে জিজ্ঞাসা করুন। আপনি যদি ডাইরেক্ট ডিপোজিট ব্যবহার করেন, তাহলে আপনি 8 থেকে 14 কর্মদিবসের মধ্যে আপনার ফেডারাল ট্যাক্স রিফান্ড পেতে পারেন।

- **প্রিপেইড ও গিফ্ট কার্ডগুলির বিষয়ে ছোট হরফে ছাপানো লেখাগুলি পড়ুন।** কিছু প্রস্তুতকারক আপনার রিফান্ডের কিছুটা বা পুরোটাই একটি প্রিপেইড বা গিফ্ট কার্ডে জমা করার প্রস্তাব দেয়। এই বিকল্পের জন্য প্রস্তুতকারক কত চার্জ করেন তা অবশ্যই যাচাই করে নিন। এছাড়াও, কার্ডটি ব্যবহার করা, ব্যবহার না করা, বা রিলোড করার ফীগুলি জানুন; কার্ডটির কোনো মেয়াদ অতিক্রমের তারিখ আছে কিনা এবং আপনি কার্ডটি হারিয়ে ফেললে কী ঘটবে তা জানুন।

- **DCA-এর কাছে অভিযোগ নথিভুক্ত করুন।** DCA-এর কাছে অনলাইনে nyc.gov/dca এ একটি অভিযোগ নথিভুক্ত করুন অথবা আপনার ভাষায় একটি অভিযোগ নথিভুক্ত করতে 311 নম্বরে যোগাযোগ করুন। অভিযোগ জানানোর জন্য আপনাকে আপনার নাম বা অভিবাসনের অবস্থা দিতে হবে না। *দ্রষ্টব্য:* আপনি যদি চান যে DCA আপনার সঙ্গে যোগাযোগ করুক, তাহলে আপনাকে আপনার নাম ও ঠিকানা অবশ্যই দিতে হবে।

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

## লুঠকারী ব্যবসা

আপনার করগুলি যিনিই প্রস্তুত করুন না কেন, আপনার রিফান্ডের পরিমাণ একই হওয়া উচিত। সেই সব প্রস্তুতকারকদের থেকে সতর্ক থাকুন যারা দাবি করে যে তারা আপনাকে আরো বেশি রিফান্ড পাইয়ে দিতে পারেন।

## ইন্টার্নাল রেভিনিউ সার্ভিস (INTERNAL REVENUE SERVICE (IRS)) জালিয়াতি

আপনি IRS থেকে একটা কল পান যেখানে আপনাকে হুমকি দেওয়া হয় যে আপনার অর্থ বকেয়া আছে বা আপনার একটা বিশাল অংকের রিফান্ড পাওনা আছে। **ফাঁদটি হল:** আপনাকে নিশ্চিত করতে অথবা তথ্য বা অর্থ দিতে হবে।

*IRS কখনই করবে না:*

- *আপনার ব্যক্তিগত বা আর্থিক তথ্যের জন্য আপনাকে ফোন বা ইমেল করবে না।*
- *গিফ্‌ট কার্ড দ্বারা অর্থপ্রদান করতে বাধ্য করবে না।*

## বিনামূল্যে সহায়তা

- আপনি NYC বিনামূল্য কর প্রস্তুতকরণ (Free Tax Prep) পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারেন, যার অন্তর্ভুক্ত হল অনলাইন ফাইলিং এবং একজন IRS সার্টিফায়েড VITA/TCE স্বেচ্ছাসেবী প্রস্তুতকারকের সঙ্গে মুখোমুখি ফাইলিং। আয়ের যোগ্যতা এবং আপনার করগুলি ফাইল করার জন্য আপনার যে সব নথিপত্র প্রয়োজন তার তালিকা সহ, আরো তথ্যের জন্য nyc.gov/taxprep দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং কর প্রস্তুতকরণের ক্ষেত্রে সহায়তা চান।

### গুরুত্বপূর্ণ

- আপনার করগুলি ফাইল করার জন্য পরিচয়ের প্রমাণ হিসেবে আপনি IDNYC ব্যবহার করতে পারেন।
- কিছু NYC বিনামূল্য কর প্রস্তুতকরণ সাইট আপনাকে একটি ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number (ITIN))-এর জন্য আবেদন করতে সাহায্য করতে পারে। সাইটের বিশদ তথ্য দেখুন।
  - ITIN হল IRS দ্বারা প্রদান করা একটি কর প্রক্রিয়াকরণ নম্বর। IRS বিদেশী নাগরিকদের এবং অন্য যে সব মানুষের সোশ্যাল সিকিওরিটি নম্বরের যোগ্যতা নেই অথচ ফেডারাল ট্যাক্স রিপোর্টিং বা ফাইলিং-এর আবশ্যকতা আছে তাদের ITIN প্রদান করে।

- ট্যাক্স রিফান্ডকে সবচেয়ে ভালভাবে কাজে লাগাতে, একটি NYC ফাইনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টারে বিনামূল্যে মুখোমুখি পেশাদার আর্থিক পরামর্শ নিন। আপনার নিকটবর্তী কোনো জায়গায় একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করতে 311 নম্বরে ফোন করুন অথবা আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।

## অন্যান্য রিসোর্সগুলি

- অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শগুলি পড়ুন:
  - কর্মসংস্থান সংস্থা
  - আর্থিক বিষয়
  - অভিবাসন সহায়তা পরিষেবা
- মেয়র'স অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (MOIA): অভিবাসীদের জন্য আইনি ও শহরের পরিষেবাগুলি সম্বন্ধে তথ্যের জন্য nyc.gov/immigrants দেখুন।

# দ্রষ্টব্য

"সমৃদ্ধ সমাজ গড়ে তোলার জন্য, নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন অর্থনৈতিক জীবনকে সুরক্ষিত রাখা ও উন্নত করা।"